মেহেরপুর সমাজ সেবার ডিডি আব্দুল কাদের বদলি

সাংবাদিকদের উপর হামলা করা মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদেরকে বদলি করা হয়েছে।

আজ সোমবার রাষ্ট্রপতির আদেশে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসসিব (প্রশাসন-৪) মোহা. নায়েব আলী স্বাক্ষরিত এক আদেশে এ তথ্য জানা গেছে।

আব্দুল কাদেরকে বদলি করে সাতক্ষিরার জেলার আশশুনি এতিম প্রতিবন্ধী শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রের জেনারেল ম্যানেজার দায়িত্ব দেওয়া হয়েছে। একই সঙ্গে আজ ১৬ নভেম্বরের মধ্যেই মেহেরপুর সমাজ সেবা অধিদপ্তরের সহকারি পরিচালকের কাছে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ দেওয়া হয়েছে।

বদলির খবর পেয়ে তাৎক্ষনিক ভাবে মেহেরপুর সাংবাদিক সমাজের আহবায়ক রুহুল কুদ্দুস টিটো মেহেরপুর প্রতিদিনকে জানান, এটা আমাদের সম্মিলিত বিজয়। তাকে শাস্তি স্বরুপ সাতক্ষিরার একটি উপজেলার শিশু পূনর্বাসন কেন্দ্রে জেনারেল ম্যানেজার হিসেবে বদলি করা হয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

এদিকে, সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে মেহেরপুর সাংবাদিক সমাজের ব্যানারে সাংবাদিকরা ৭দিনের কর্মসূচী ঘোষনা করে । সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সড়কে পথসভা কর্মসূচী পালন করেন।

উল্লেখ্য, গত ৮ নভেম্বর তথ্য সংগ্রহ করতে গিয়ে ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশে রয়টার্সের প্রতিনিধি জাকির হোসেনকে মারধর ও তাদের ক্যামেরা ভাংচুর করে উপপরিচালক আব্দুল কাদের ও তার অফিসের স্টাফরা।

মেহেরপুরে ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ সুবিধার দাবিতে অবস্থান কর্মসূচী ও স্মারকলিপি প্রদান

করোনা মোকাবেলায় প্রধানমন্ত্রী ঘোষীত ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য ঋণ প্রণোদনা বাস্তবায়নের দাবিতে অবস্থান কর্মসূচী ও স্মারকলিপি প্রদান করেছে মেহেরপুরের উদ্যোক্তারা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুলের নেতৃত্বে এ কর্মসূচী পালন করেন তাঁরা।

মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীকে তাদের দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারকলিপিতে উদ্যোক্তরা জানান, করোনার কারণে সারাদেশে ব্যবসা- বানিজ্যে স্থবিরতা বিরাজ করছে। অতিক্ষুদ্র ক্ষুদ্র পর্যায়ের বহু ব্যবসা প্রতিষ্ঠান ইতোমধ্যে বন্ধ হয়ে গিয়েছে। বহু পরিবার নি:স্ব হয়ে পথে বসেছে।

করোনা পরিস্থিতি মোকাবেলা করে যেন ক্ষুদ্র ব্যবসায়ীরা ক্ষতি কাটিয়ে উঠতে পারে সেজন্য প্রধানমন্ত্রী ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনা ঋণ কার্যক্রম ঘোষনা করেন। কিন্তু দু:খের বিষয় নভেম্বর মাস পার হতে চললেও এখন পর্যন্ত ঋণ কার্যক্রমে সন্তোষজনক ভুমিকা পালন করছেন না ব্যাংক গুলো। এক্ষেত্রে সরকারি ও বেসরকারি সকল ব্যাংকই উদাসীনতার পরিচয় দিচ্ছে এবং অনাগ্রহ প্রকাশ করছে। মেহেরপুরের অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র ব্যবসায়ীরা যেন ঋণ প্রণোদনা সুবিধা নিয়ে ব্যবসা পরিচালনা করার সুযোগ করে দেওয়ার দাবি জানাচ্ছি।

কর্মসূচীতে অন্যদের মধ্যে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি নাইমুর রহমান, উদ্যোক্তা আজিজুল ইসলাম, শরিফুল ইসলাম পলাশ, মোমিনুল ইসলাম, শাহিনুল ইসলাম, ছুবে সুলতানা, ক্যামিলি খাতুন, মৌসুমী খাতুন,রেবেকা খাতুন, আয়েশা

খাতুন, পান্না খাতুন, রাবেয়া খাতুন, সোহেল খান প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সমাজসেবা উপপরিচালকের বিচারের দাবিতে সাংবাদিকরা একাট্টা

মেহেরপুরে ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্স প্রতিনিধি জাকির হোসেনকে মারধর ও ক্যামেরা ভাংচুর করায় সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদেরসহ সংশ্লিষ্টদের বিচারের দাবিতে পথসভা করেছে সাংবাদিকরা।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সড়কে মেহেরপুরের সাংবাদিক সমাজ ব্যানারে সাংবাদিকরা সপ্তাহ ব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে প্রথম দিনের কর্মসূচী পালন করে।

মেহেরপুর সাংবাদিক সমাজের আহবায়ক ও সিনিয়র সাংবাদিক রুহুল কুদ্দুস টিটোর সভাপতিত্বে সাংবাদিকদের মধ্যে বক্তব্যে দেন ইত্তেফাক প্রতিনিধি মাহাবুব চান্দু, দেশ রুপান্তর প্রতিনিধি তুহিন আরন্য, বিটিভি প্রতিনিধি আলামিন হোসেন, কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, এসএ টিভি প্রতিনিধি ফজলুল হক মন্টু, মাইটিভি প্রতিনিধি মাহবুব আলম, সাংবাদিক এম এন পাভেল, আতিক স্বপন প্রমুখ।

পথসভায় আহবায়ক রুহুল কুদ্দুস টিটো বলেন, ঘটনার দিন জেলা প্রশাসক সাংবাদিক নের্তৃবৃন্দদের নিয়ে তাঁর সম্মেলন কক্ষে মতবিনিময় করে দ্রুত এ ঘটনার ব্যবস্থা করার জন্য তদন্ত কমিটি করেছিলেন। কিন্তু ঘটনার আটদিন পার হলেও তদন্ত কমিটি কোন প্রতিবেদন দেননি এবং কার্যকর কোন ব্যবস্থা গ্রহন করেননি। যে কারণে আমরা বাধ্য হয়ে ৭দিনের কর্মসূচী দিয়েছি। আপনি এর মধ্যে ওই কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নিবেন। না হলে আমাদের এ কর্মসূচী চলতে থাকবে। একপর্যায়ে জেলা প্রশাসনসহ মেহেরপুরের সরকারি দপ্তরের সকল সংবাদ বর্জন করাসহ

কঠোর আন্দোলন করা হবে।

দৈনিক দেশ প্রতিনিধি মুজাহিদ মুন্নার সঞ্চালনায় পথসভায় মেহেরপুরে বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ৮ নভেম্বর মেহেরপুর সমাজ সেবা কার্যালয়ে তথ্য সংগ্রহ করতে গিয়ে সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের ও তার সহযোগীরা ডিবিসি প্রতিনিধি আবু আক্তার করণ ও বিডি রয়টার্স প্রতিনিধি জাকির হোসেনকে মারধর করেন এবং ক্যামেরা ভাংচুর করেন। এ ঘটনায় ওই দিনই মেহেরপুর সদর থানায় চার জনের নাম উল্লেখ সহ অজ্ঞাত ৮/৯ জনের বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করা হয়।

মেহেরপুরের দুই তরুণের মিক্সড মার্শালে স্বর্ণ পদক জয়

বাংলাদেশের সুনামধন্য হাবিব এম এম এ একাডেমি ক্লাব আয়োজিত মিক্সড মার্শাল আর্ট টুর্নামেন্টে মেহেরপুরের দুই তরুণের স্বর্ণ পদক অর্জন করেছেন।

টুর্নামেন্টি গত ১৩ ই নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত হয়। প্রথম রাউন্ডের খেলায় মেহেরপুরের গাংনী উপজেলার রামকৃষ্ণ পুর ধলা গ্রামের মওদুদ হোসেন বিজয় লাভ করেন।

এবং দ্বিতীয় বারে মেহেরপুর পুর সদর উপজেলার কুতুবপুর গ্রামের লিটন হোসেন খেলাটিতে বিজয় লাভ করেন।

বিজয়ী খেলোয়ার মওদুদ এবং লিটন জানান, আমরা জীবনের প্রথম খেলাটিতেই বিজয় লাভ করে অনেক খুশি। আমাদের বিজয় লাভের পিছনে যে দুটি মানুষের পরিশ্রম এবং এখানে দাড়ানোর সুযোগ করে দিয়েছেন তাদের কে অনেক ধন্যবাদ। মনজুর আলম বিশ্বাস ও হুসাইন কবির কে।

মনজুর আলম এবং হুসাইন কবির জানান, আমরা দুই দুই বার দেশের বাইরে থেকে গোল্ড মেডেল অর্জন করেছি। এবং সেটা অনেক কষ্ট করে অর্জন করেছি। এবং বিভিন্ন বাধার সম্মুখীন হয়েছি। তাই আমরা মেহেরপুরে

মিক্সড মার্শাল খেলায় আগ্রহীদের জন্য এক টি ক্লাব খুলেছি যেখানে তারা যেন নিয়োমিত খেলা প্যাকটিজ করতে পারে। বর্তমানে ক্লাবের সদস্য সংখা ২০ জনে পরিনত হয়েছে।আগামীতে আরো হবে বলে আশা করা যায়।

মনজুর আলম জানান মওদুদ ও লিটন অল্প দিনের মধ্যেই অনেক পরিশ্রমের মাধ্যেমে অনেক ভালো মানের খেলোয়াড় হয়ে উঠেছেন আশা করা আগামীতে আরো ভালো করবেন।

হুসাইন কবির মওদুদ ও লিটনের ভবিষ্যেৎ মঙ্গল কামনা করে মেহেরপুর মিক্সড মার্শাল ক্লাবে আগ্রহী খেলোয়াড়দের আহব্বান জানান।

মেহেরপুরে সাংবাদিক হামলার প্রতিবাদে ৭ দিনের কর্মসূচি ঘোষণা

মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল কাদের কতৃক ডিবিসি’র মেহেরপুর জেলা প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্সের এর প্রতিনিধি জাকির হোসেনের উপর হামলার প্রতিবাদে, ঘটনা বিচারের দাবীতে ৭ দিনের কর্মসূচি ঘোষণা করেছে মেহেরপুরের সাংবাদিক সমাজ।

রবিবার সন্ধ্যায় মেহেরপুর প্রেস ক্লাব মিলনায়তনে এক সভায় এ কর্মসূচি ঘোষণা করা হয়।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী ১৬ নভেম্বর সকাল ১০ টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা ও পথসভা। ১৭ নভেম্বর সকাল ১০ টায় মৌন মিছিল, মেহেরপুর প্রেসক্লাব থেকে শুরু হয় জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত।

১৮ নভেম্বর মেহেরপুর প্রেসক্লাবের সামনে সকাল ১০টা থেকে কলম বিরতি । ১৯ নভেম্বর সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে অবস্থান ধর্মঘট। ২০ নভেম্বর সকাল ১০টায় প্রেসক্লাবের সামনে

মানববন্ধন। ২১ শে নভেম্বর প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান এবং ২২ নভেম্বর বিচার না হওয়া পর্যন্ত জেলা প্রশাসনের সকল প্রকার সংবাদ বয়কট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা তুহিন আরন্য, সাধারণ সম্পাদক আল-আমিন হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটো, সাংবাদিক রামিজ আহসান প্রমুখ।

গাংনীতে গাঁজাসহ আটক দুই

মেহেরপুরের গাংনীতে ৫’শ ৪০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। আজ রবিবার সকালে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামের মৃত জাফের মালিথার ছেলে আয়ুব(৫৭) ও একই উপজেলার ভাগজোত লোকনাথপুর গ্রামের সর্দ্দার পাড়ার নজরুল ইসলামের ছেলে মনজিল(৩০)।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, মেহেরপুর গাংনী উপজেলার চর গোয়াল গ্রামের সর্দ্দারপাড়া ঈদগাহের পাশে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এস আই সুমন, এ এস আই জামিরুল, এএসআই মহিনুল ও কনস্টেবল আনিসুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে ৫’শ৪০ গ্রাম গাঁজাসহ আয়ুর ও মনিজিল আটক করে।

আটককৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন।

মেহেরপুরে নতুন করে ৫ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তের চারজনই মেহেরেপুর সদরের অপর জন মুজিবনগর উপজেলার বাসিন্দা। এ ছাড়াও একটি ফলোআপ পজেটিভ আছেন।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৮ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১২ জনের। আর পজেটিভ আসে ৬ জনের। এর মধ্যে একটি ফলোআপ।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৭৪৫ টি, সর্বমোট পজিটিভ ৬৯১ জন, সুস্থ ৫৯৯ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২২ (সদরে-১৬, গাংনীতে- ৩ ও মুজিবনগরে- ৩) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের মল্লিক পাড়ার ফাতেমাতুজ যোহরা(৪৪), রফিকুল ইসলাম(২৩), কাশারী পাড়ার আবু সুফিয়ান(৬২), বোস পাড়ার তৈবুর রহমান(৬৪), অপর জন হলেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের তাহাজ উদ্দিন(৭৭)।

গাংনীতে বসত বাড়িতে অগ্নীকান্ড

মেহেরপুরের গাংনী উপজেলার মহিষাখোলা গ্রামের সাইকেল মিস্ত্র সুজন আলীর বসত বাড়িতে ভয়াবহ অগ্নীকান্ডে নগদ টাকা আসবাপত্র পুড়ে ছাই হয়েছে। শনিবার দিবাগত রাত ১২ টার দিকে এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্থ সুজন আলী জানান, তিনি তার স্ত্রী অসুস্থতার জন্য শ্বশুর বাড়ী জানশুকা গ্রামে ছিলেন। শনিবার দিবাগত রাত ১২ টার দিকে বাড়ীর মোবাইল ফোনে জানতে পারেন তার ঘরে আগুন লেগেছে। তিনি বাড়ীতে আসার পূর্বেই স্থানীয় বামন্দি ফায়ার সার্ভিসের সদস্যদের

প্রায় দুই ঘন্টা চেষ্টার ফলে আগুন নিয়ন্ত্রণে আসে। ততক্ষণে ওয়াল শোকেসে থাকা নগদ ৩৮ হাজার টাকা, ঘরসহ মালামাল পুড়ে ভস্মিভূত হয়ে যায়। সুজন মেকার মহিষাখোলা গ্রামের মিয়ারুল ইসলামের ছেলে।

আগুনে তাকে সর্বশান্ত করে দিয়েছে। তিনি সরকারী ও স্থানীয়দের সাহায্য ও সহযোগিতা কামনা করেছেন।

বামন্দি ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিসেন্স ষ্টেশন অফিসার ইছাহক আলী বিশ্বাস জানান, শনিবার দিবাগত রাত একটার দিকে সংবাদ পেয়ে মহিষাখোলা গ্রামের আড়পাড়া রোডে সুজন আলীর বাড়ীতে অগুন নেভানোর চেষ্টা করা হয়। আমরা সংবাদ পেয়ে আসার আগেই আসবাপত্র পুড়ে গেছে।

পেনশনের দাবিতে অবসরপ্রাপ্ত কর্মকর্তার সংবাদ সম্মেলন

অবসরকালিন ভাতা ও পেনশনের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন বিআরডিবি’র মাঠ সংগঠক ছাবদার রহমান। রবিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। ছাবদার রহমান মেহেরপুরের মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের মৃত আলী মোহাম্মদ এর ছেলে।

ভুক্তভোগী বিআরডিবি’র মাঠ সংগঠক ছাবদার রহামন সংবাদ সম্মেলনে বলেন, ১৯৭৬ সালের ১ এপ্রিল বিআরডিবি’র আওতাধীন মহিলা উন্নয়ন কর্মসুচীতে মাঠ সংগঠন পদে যোগদান করি। পরে ১৯৯৬ সালের ১২ মে মাঠ সংগঠন পদে বিআরডিবি’র আওতাধীন সমন্বিত গ্রামীন মহিলা উন্নয়ন কর্মসূচীতে আত্মীকরণ করা হয়। এরপর থেকে ২০০৫ সালের ২০ ডিসেম্বর পর্যন্ত চাকরি করে অবসরে চলে যাই।

পরবর্তীতে মহিলা উন্নয়ন অনুবিভাগের ৭১০ জনবলের মধ্যে ৬২৩ জনবল জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে বিআরডিবি’র রাজস্ব বাজেটে স্থানান্তর হয়। যেখানে কতৃপক্ষের ভুলে আমার নামটি ছিল না। আমার নাম ৮৭ জনবল ২০০৮ সালে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হয়। আজ ১৫ বছর ধরে সকল কাগজপত্র প্রদর্শন পূর্বক

বিভিন্ন দপ্তরে গিয়েও আশ^◌াস ছাড়া আর কিছুই মেলেনি।
মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুসহ বিভিন্ন গনমাধ্যমের সংবাদ কর্মিরা এ সময় উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় যুবলীগের সদস্য পদ পেলেন মেহেরপুরের বাবু মল্লিক, রেজা ও জাকির

কেন্দ্রীয় আওয়ামী যুব লীগের সদস্য পদ লাভ করেছেন মেহেরপুরের তিন রাজনীতিক। তারা হলেন মুজিবনগরের জেমস মল্লিক স্বপন বাবু, গাংনীর রেজাউল ইসলাম ও জাকিরুল ইসলাম।

আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল ইসলাম নিখিল পুর্নাঙ্গ কমিটির অনুমোদন দেন।

মেহেরপুরের তিন রাজনীতিক যুবলীগের কেন্দ্রীয় কমিটিতে স্থান পাওয়ায় তাদের অভিনন্দন জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমনসহ রাজনীতিকরা।

জেমস স্বপন মল্লিক বাবু মুজিবনগর উপজেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়ত্ব পালন করেছেন। গাংনীর রেজাউল ইসলাম কেন্দ্রীয় ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

কুষ্টিয়ার দৌলতপুরের তারেক আল মামুন হলো নির্বাহী কমিটির সদস্য। ঢাঃবিঃ ছাত্রলীগের ও কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি ছিল।